

অভিযোগ লিরিক্স:-

আমার সকল অভিযোগে তুমি  
তোমার মিষ্টি হাসিটা কি আমি,  
আমার না বলা কথার ভাজে  
তোমার গানের কত সুর ভাসে।  
তোমায় নিয়ে আমার লেখা গানে  
অযথা কত স্বপ্ন বোনা আছে  
আমার হাতের আঙুলের ভাঁজে  
তোমাকে নিয়ে কত কাব্য রটে হে..

ভুলিনি তো আমি, তোমার মুখে হাসি  
আমার গাওয়া গানে তোমাকে ভালোবাসি,  
আসো আবারো কাছে, হাতটা ধরে পাশে  
তোমায় নিয়ে যাব আমার পৃথিবীতে।  
হে.. হে.. এই পৃথিবীতে এ..

তোমার পথে পা মিলিয়ে চলা  
তোমার হাতটি ধরে বসে থাকা,  
আমার আকাশে তোমার নামটি লেখা  
সাদার আকাশে কালো আবছা বোনা।  
তোমায় নিয়ে আমার লেখা গানে  
অযথা কত স্বপ্ন বোনা আছে  
আমার হাতের আঙুলের ভাঁজে  
তোমাকে নিয়ে কত কাব্য রটে।

ভুলিনিতো আমি তোমার মুখে হাসি  
আমার গাওয়া গানে তোমাকে ভালোবাসি  
আসো আবারো কাছে হাতটা ধরে পাশে  
তোমায় নিয়ে যাব আমার পৃথিবীতে..  
হে.. হে.. এই পৃথিবীতে এ..

ভুলিনিতো আমি তোমার মুখে হাসি  
আমার গাওয়া গানে তোমাকে ভালোবাসি  
আসি তোমার কাছে হাতটা ধরে পাশে  
আমায় নিয়ে চলো তোমার পৃথিবীতে।